

# পুলিস সার্ভিস যাতে লন্ডন-এর প্রয়োজন মিটাতে পারে তা নিশ্চিত করা

## মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি (MPA) কি?

লন্ডন-এর পুলিশ যাতে রাজধানীর জনসাধারণকে দেওয়া সার্ভিসের জন্য কৈফিয়ৎ দিতে বাধ্য থাকে তা নিশ্চিত করার উদ্দেশ্যে মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি রয়েছে।

এই অথরিটির কাজ হচ্ছে:

- যেভাবে লন্ডন-এর আইন, শৃঙ্খলা ও শান্তি রক্ষা করা হয় তার ক্রমাগতঃ উন্নতি করা
- লন্ডন-এর পুলিশের ওপর জনসাধারণের আস্থা ও বিশ্বাস বাড়ানো
- পুলিশের কাছ থেকে তারা কি চান তা জানার উদ্দেশ্যে লন্ডন-এর জনসাধারণের সাথে আলাপ-আলোচনা করা
- পুলিশের বাজেট (অর্থ তহবিল অনুযায়ী খরচ) পরিচালনার তত্ত্বাবধান করা
- একটা বাৎসরিক আইন, শৃঙ্খলা ও শান্তি রক্ষার পরিকল্পনা প্রকাশ করা, যাঁতে পুলিশের জন্য লক্ষ্যগুলি বলে দেওয়া হয়েছে

লন্ডন-এর জনসাধারণের জন্য মেট্রোপলিট্যান পুলিশ সার্ভিস প্রকৃত উপকার অর্জন করতে পেরেছে। সারা লন্ডন জুড়ে 630টি নেইবারহুড ম্যানেজমেন্ট টিমের প্রবর্তন করার ব্যাপারে এই অথরিটির সহযোগিতা অত্যাবশ্যিক ছিল। পুলিশ অফিসার ও পুলিশ কমিউনিটি সাপোর্ট অফিসার সমন্বিত প্রতিটি টিম, সমাজ-বিরোধী আচরণ, অপরাধ ও অপরাধ সম্পর্কে ভীতি প্রতিরোধ করা ও কমানোর উদ্দেশ্যে, জনসাধারণের সাথে যৌথভাবে কাজ করতে নিষ্ঠাবদ্ধ।

পুলিশের £3 বিলিয়ন বাজেটের পরিকল্পনা করা ও পরিচালনা করা হচ্ছে এই অথরিটির একটা প্রধান দায়িত্ব। এই অর্থ তহবিলের 78% আসে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, এবং বাকিটা আসে লন্ডন-এর মেয়রের তোলা কাউন্সিল ট্যাক্সের থেকে।

এই অথরিটি পুলিশ সার্ভিসের মধ্যে সমতা ও বৈচিত্র্যকে এগিয়ে দেয় এবং রাজধানীতে যারা বাস করেন ও কাজ করেন, তাদের সকলের সাথেই সম্মানজনক আচরণ করা নিশ্চিত করার উদ্দেশ্যে, যৌথভাবে কাজ করছে।

## মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি কিভাবে কাজ করে?

মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির 23 জন সদস্য আছে - যারা হচ্ছেন, 12 জন লন্ডন এ্যাসেমব্লীর নির্বাচিত সদস্য, 4 জন ম্যাজিস্ট্রেট এবং 7 জন নিরপেক্ষ সদস্য। এদের সকলকেই চার বছরের জন্য নিয়োগ করা হয়।

প্রত্যেক সদস্যেরই, লন্ডন-এর কোন একটা বারার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক আছে এবং স্থানীয়ভাবে অপরাধ কমানোর উদ্দেশ্যে স্থানীয় পুলিশ ও অন্যান্য যারা কাজ করছেন, তাদের সাথে যোগাযোগ রক্ষা করার দায়িত্ব রয়েছে। এই অথরিটি মনে করে যে লন্ডনকে সবচেয়ে নিরাপদ শহর করার সবচেয়ে ভাল উপায় হচ্ছে যৌথভাবে কাজ করা।

পুলিসের নীতি সম্বন্ধে আলোচনা করা ও কাজের মানের ওপর নজর রাখার উদ্দেশ্যে, সদস্যরা নিয়মিতভাবে কমিটি হিসাবে বসেন। যে পরিবর্তনগুলির ফলে উন্নতি হয় এবং লন্ডন-এর জনসাধারণের প্রয়োজনগুলি মিটানো সম্ভব হয়, তারা সেই পরিবর্তনগুলির জন্য সুপারিশ করেন।

## লন্ডন-এর অধিবাসীদের বক্তব্য শোনা

মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির একটা অত্যাবশ্যক ভূমিকা হল পুলিশ, তাদের কাজের মান এবং কিভাবে তার উন্নতি করা যাবে সেই বিষয়ে লন্ডন-এর অধিবাসীদের সাথে পরামর্শ করা।

এই পরামর্শ করার ফলে মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি জানতে পারে যে আগামী বছরে পুলিশের জন্য কি কি অগ্রাধিকার ঠিক করে দেওয়া উচিত।

পরামর্শ করার উপায়গুলির মধ্যে রয়েছে:

- **সেইফার লন্ডন প্যানেল**

এই অথরিটির নিজস্ব সিটিজেনস প্যানেল, যার মধ্যে লন্ডন-এর জনসাধারণকে প্রতিনিধিত্ব করে এরকম 3,000 লোক রয়েছে। যেভাবে লন্ডন-এর আইন, শৃঙ্খলা ও শান্তি রক্ষা সংক্রান্ত নির্দিষ্ট বিষয়গুলি সম্বন্ধে তাদের মতামত দিতে বলা হয়।

- **প্রতিটি বারাতে জনসাধারণকে জড়িত করা**

লন্ডন-এর প্রতিটি বারার লোকের যাতে তাদের স্থানীয় পুলিশের সাথে যোগাযোগ করার উপায় থাকে তা নিশ্চিত করতে মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি বদ্ধপরিকর।

এটা সাধারণতঃ একটা কমিউনিটি পুলিশ কন্সাল্টেটিভ গ্রুপের মাধ্যমে করা হয়, কিন্তু কিছু এলাকায়, বিভিন্ন উপায় গড়ে তোলা হচ্ছে।

মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি বহু সংখ্যক অনুষ্ঠানে অংশগ্রহণ করে এবং লন্ডন জুড়ে জনসাধারণকে জড়িত করার কার্যক্রমের বন্দোবস্ত করে। এই সব অনুষ্ঠানগুলির সম্বন্ধে তথ্য আমাদের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

## জনসাধারণের জন্য খোলা মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির মীটিং

মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির কমিটি মীটিংগুলি জনসাধারণের জন্য খোলা এবং সকলকেই উপস্থিত থাকার জন্য স্বাগত জানানো হচ্ছে। এই মীটিংগুলির তারিখ, সময় এবং রিপোর্টগুলি মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং সাধারণের ব্যবহার্য লাইব্রেরীগুলিতে (গ্রন্থাগারে) পাওয়া যায়। আগে থেকে ঠিক করলে, ব্রিটিশ সাইন ল্যাংগুয়েজ ইন্টারপ্রেটার ও প্যালানর্টাইপিস্টের মত বিশেষ সুবিধাগুলি পাওয়ার ব্যবস্থা করা যাবে।

মেট্রোপলিট্যান পুলিশ অথরিটি:

- লন্ডন-এর জন্য প্রকৃত উপকার অর্জন করছে
- লন্ডন-এর অধিবাসীদের কাছে পুলিশকে কৈফিয়ৎ দিতে বাধ্য করছে
- লন্ডনকে পৃথিবীর সবচেয়ে নিরাপদ বড় শহর করে তুলতে যৌথভাবে কাজ করছে

## **মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির সাথে যোগাযোগ করা (সাধারণ প্রশ্ন)**

টেলিফোন: 020 7202 0202

মিনিকম: 020 7202 0173

ফ্যাক্স: 020 7202 0246

ইমেইল: [enquiries@mpa.gov.uk](mailto:enquiries@mpa.gov.uk)

অথবা নিচের ঠিকানায় চিঠি লিখবেন:

Enquiries  
Metropolitan Police Authority  
10 Dean Farrar Street  
London SW1H 0NY

## **মেট্রোপলিট্যান পুলিশ অথরিটির তথ্যের অনুবাদ**

আমাদের ওয়েবসাইটে যে তথ্য পাওয়া যায় আমরা নিজে থেকেই তার অনুবাদ করি না। তবে, অনুরোধ করলে আমরা কাগজপত্রগুলি আপনার ভাষায় পাওয়ার ব্যবস্থা করতে পারি। যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি আমরা অনুবাদিত তথ্য দেব।

অনুবাদিত তথ্যের অনুরোধ করার জন্য দয়া করে নিচের ঠিকানায় যোগাযোগ করবেন:

Online Communications  
Metropolitan Police Authority  
10 Dean Farrar Street  
London  
SW1H 0NY

ইমেইল: [webenquiries@mpa.gov.uk](mailto:webenquiries@mpa.gov.uk) (দয়া করে ইংরেজীতে আপনার অনুরোধ করবেন)

টেলিফোন: 020 7202 0219

মিনিকম: 020 7202 0173

ফ্যাক্স: 020 7202 0241